২০

দৈনিক সংবাদ

তারিখ 16 FEB 1995
পৃষ্ঠা ১ কলাম ৭

সমঝোতা স্মারক

# গার্মেন্টসের সব শিশু শ্রমিক স্কুলে যাবে

(অর্থনৈতিক বার্তা পরিবেশক)

আগামী ১৯৯৭–এর ১লা জুলাইয়ের মধ্যে দেশের গার্মেন্টস ফ্যাক্টরিগুলোতে কোন শিশু শ্রমিক থাকবে না এবং তাদের

শ্রমিক ঃ পৃঃ ৮ কঃ ৩

## শ্রমিক ঃ স্কুলে যাবে

(১ম পৃষ্ঠার পর)

সবাইকে স্কুলে ভর্তি করানো হবে। সম্প্রতি বাংলাদেশ পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ), ইউনিসেফ, এশিয়ান আমেরিকান ফ্রি লেবার ইন্সটিটিউট (এএএফএলআই), আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এবং স্থানীয় দু'টি এনজিওর মধ্যে এ ব্যাপারে একটি খসড়া সমঝোতা স্মারক সই হয়েছে। এই সমঝোতা অনুযায়ী দু'টি এনজিও, ইউসেফ এবং গণসাহায্য সংস্থা শিশু শ্রমিকদের জন্য এই স্কুল প্রতিষ্ঠা এবং পরিচালনা করবে।

গতকাল বুধবার মার্কিন তথ্য কেন্দ্রে 'বাংলাদেশের শিশু শ্রম' শীর্ষক এক ব্রিফিং–এ এই তথ্য জানানো হয়। মার্কিন যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ লেবার এসোসিয়েটস–এর ডেপুটি আন্ডার সেক্রেটারি এন্ড্রু জে, স্যামিট এবং চাইল্ড লেবার স্টাডি ডিরেক্টর সোনিয়া এ, রোজেনের তিনদিনব্যাপী বাংলাদেশ সফর উপলক্ষে এই ব্রিফিং–এর আয়োজন করা হয়।